মেহেরপুর সাহিত্য পরিষদের ২৭তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

আলোচনা সভা, গুণীজন সংবর্ধনা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে মেহেরপুর সাহিত্য পরিষদের ২৭তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে।
শুক্রবার বিকেল সাড়ে ৫টায় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেরপুর সাহিত্য পরিষদের সভাপতি রকিবুল হাসান রিপন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান।

বিশেষ অতিথি ছিলেন শিক্ষাবিদ ড. গাজী রহমান, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাইদুল ইসলাম, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিব, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা জাসাসের সদস্য সচিব এ. বাকাবিল্লাহ প্রমুখ।

অনুষ্ঠানে সাহিত্য, সংস্কৃতি ও সামাজিক অঙ্গনের বিভিন্ন পর্যায়ের গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

আলোচনা সভায় বক্তারা সাহিত্যচর্চার মাধ্যমে সমাজে ইতিবাচক পরিবর্তন আনা এবং নতুন প্রজন্মকে সাহিত্য ও সংস্কৃতির সঙ্গে সম্পৃক্ত করার ওপর গুরুত্বারোপ করেন।

আলোচনা সভা শেষে কেক কাটা ও গুণীজনদের সংবর্ধনা প্রদান করা হয়। পরে স্থানীয় শিল্পীদের অংশগ্রহণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের বিশেষ সাপ্তাহিক সাহিত্য আসর অনুষ্ঠিত

২৬শে মার্চ উদযাপন উপলক্ষে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের বিশেষ সাপ্তাহিক সাহিত্য আসর “স্বাধীনতায় পদধ্বনি- ১৬১১” অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকেল চারটায় পরিষদের শহীদ আলাউল হলে এর আয়োজন করা হয়। মুক্তিযুদ্ধের শহীদদের স্মরণে এক মিনিট নিরাবতা পালনের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়।

অর্থ সম্পাদক মিম্মা সুলতানা মিতার সঞ্চালনায় একাত্তরের স্বাধীনতার উপর লিখিত স্বরচিত কবিতা পাঠ করেন গুরু কাজল মল্লিক, বনলতা, মো: খালেকুজ্জামান, গোলাম কবীর মুকুল, মো: আনছার আলী, মোছা: মর্জিনা খাতুন, মো: মোজাম্মেল হক, শেখ সেলিম, সুমন মালিক, মো: হুমায়ুন কবীর, মিম্মা সুলতানা মিতা। চিরায়ত সাহিত্য থেকে পাঠ করেন জাকিয়া সুলতানা ঝুমুর ও মরিয়ম সুলতানা ভূবনের লেখা পাঠ করে শোনান ইকবাল আতাহার তাজ।

পঠিত লেখাগুলো নিয়ে বস্তুনিষ্ঠ আলোচনা করেন চুয়াডাঙ্গার উজ্জ্বল নক্ষত্র ড: মুন্সি আবু সাইফ, স্বাধীনতার উপর বক্তব্য রাখেন অধ্যক্ষ মো: শাহজাহান আলী, অ্যাডভোকেট বজলুর রহমান, মো: তৌহিদ হোসেন। আসরে আরোও উপস্থিত ছিলেন অধ্যক্ষ হামিদুল হক মুন্সী, শেখ পিন্টু, মরিয়ম সুলতানা ভূবন, মিফতাহুল আওয়াল, মো: আব্বাসউদ্দীন, হারুন অর রশিদ, আকিব তৌফিক চৌধুরী।

সভাপতি তার সমাপনী বক্তব্যে বলেন ১৯৭১ এ মহান মুক্তিযুদ্ধে চুয়াডাঙ্গার জেলা পরিষদ ডাক বাংলোর পুরাতন ভবনটি দক্ষিন পশ্চিম রণাঙ্গনের সেক্টর কমান্ডার তৎকালীন মেজর আবু ওসমান চৌধুরীর কার্যালয় হিসেবে ব্যবহার হতো। আগামী প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের স্মৃতি হিসেবে স্মরণীয় করে রাখতে ঐ ভবনটিকে স্বাধীনতা ভবন ঘোষণার দাবি জানিয়ে স্বাধীনতা দিবস পদধ্বনি ১৬১১ পর্বের সমাপ্তি ঘোষণা করেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আলমডাঙ্গা সাহিত্য পরিষদের উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্টিত

আলমডাঙ্গা সাহিত্য পরিষদের উদ্যোগে ইফতার মাহফিল ও দোয়া মাহফিল অনুষ্টিত হয়েছে। আজ আলমডাঙ্গা সাহিত্য পরিষদের আয়োজনে ফুডপার্ক হোটেলে ইফতার পুর্ব আলোচনা সভায় সভাপতিত্ব করেন আলমডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি সাবেক প্রধান শিক্ষক ওমর আলী মাষ্টার।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু। তিনি বলেন পবিত্র রমজান মাস সিয়াম সাধনের মাস, এই মাসে আপনারা যারা সাহিত্য সেবা করেন, তারা লেখনীর মাধ্যমে পবিত্র মাহে রমজান সম্পর্কে তুলে ধরুন। সকলে সততার সাথে নিষ্টার সাথে কবিতা, গল্পে,প্রবন্ধে সবকিছুতেই সত্য লেখার অভ্যাস গড়ে তুলতে হবে। আমরা যারা সাংবাদিকতা করি তারাও পবিত্র মাসে সপথ নেব সততা ও নিষ্টার সাথে দায়িত্ব পালন করব। আল্লাহ পাক সততা এবং হালাল রুজিসহ সকলকে সত্যপথ দেখাতে সহায়তা করবে,এই মাসে আল্লাহ তালা কবর বাসিদের আজাব মাফ করে দেন, তাই রহমতের মাসের শেষ দিন ২০ রমজানে আমরা যারা উপস্থিত আছি তারা কোন ভাবেই কাউকে ঠকাব না, আমাদের দ্বারা কেউ প্রতারিত হবে না।

ইফতার ও দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারন সম্পাদক কবি ও সাহিত্যিক হামিদুল ইসলাম, গাঙচিল সাহিত্য পরিষদের সভাপতি কবি জামিরুল ইসলাম, সাধারন সম্পাদক কবি হাবিবুর রহমান মজুমদার, সাহিত্য পরিষদের সাংগাঠনিক সম্পাদক কবি গোলাম রহমান চৌধুরি, কবি সিদ্দিকুর রহমান, কবি মহসীনুজ্জামান চান্দ, কবি জাহাঙ্গির হোসেন,মোবারক হোসেন প্রমুখ। দোয়া পরিচালনা করেন কবি সিদ্দিকুর রহমান

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আহ্বায়ক কমিটি গঠন

দর্শনা সাহিত্য পরিষদের কমিটি বিলুপ্ত করে নতুন আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে। সংগঠনের কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে সাহিত্য পরিষদের সদস্য কবি সাহিত্যিকদের সম্মতিক্রমে মেয়াদোত্তীর্ণ কমিটি ভেঙ্গে দেওয়া হয়।

আহ্বায়ক কমিটি গঠনের লক্ষ্যে আজ শনিবার (১০ ফেব্রুয়ারি) সাহিত্য পরিষদের কার্যালয়ে বিকাল ৩টা থেকে আলোচনা সভার আয়োজন করা হয়, সাহিত্য পরিষদের সদস্য কবি সাহিত্যিকদের সম্মতিক্রমে মেয়াদোত্তীর্ণ কমিটি ভেঙ্গে ৭ সদস্যবিশিষ্ট আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে।

কমিটির সদস্যগণ হলেন- আহ্বায়ক কবি মুরশিদ আলম, সদস্য, আব্দুল ওয়াদুদ শাহা কলেজের প্রভাষত মিজাানুর রহমান মণ্ডল, ডাক্তার খালেদা খানম, মোঃ নজরুল ইসলাম, প্রধান শিক্ষকা আফসানা মেহজাবিন শাপলা, মোঃ জামাত আলী, বোরহান উদ্দিন টিটু। সভায় আগামী তিন মাসের মধ্যে সম্মেলনের মাধ্যমে পূর্ণাঙ্গ কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়।

কমিটিগঠন করার পরে স্বরচিত কবিতা পাঠের আসর অনুষ্ঠিত হয়, উক্ত অনুষ্ঠানে স্বরচিত লেখা পাঠ করে কবি খালেদা খানম, সাজিবুল ইসলাম, ইমান আলী এরেং, মোঃ আব্দুর রশিদ, আফসানা মেহজাবিন শাপলা, এমদাদুল হক, মোঃ বোরহান উদ্দিন, মিজানুর রহমান মণ্ডল, মোঃ নজরুল ইসলাম, জামাত আলি, মোঃ আসাদ প্রসেনজিৎ মন্ডল প্রমুখ, স্বরচিত কবিতা পাঠের অনুষ্ঠান সঞ্চালনা করেন কবি ফয়সাল আহমেদ।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাপ্তাহিক সাহিত্য আসর পদধ্বনি

অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের নিয়মিত সাপ্তাহিক সাহিত্য আসর পদধ্বনির ১৫২৫তম পর্ব অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার সন্ধ্যা সাড়ে পাঁচটার সময় শহীদ আলাউল হলে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাপ্তাহিক পদধ্বনি অনুষ্ঠিত হয়।

১৫২৫তম এই আসরে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলাল । স্বরচিত লেখা পাঠ করেন গোলাম কবীর মুকুল, হুমায়ুন কবীর, কাজল গুরু, আবু নাসিফ খলিল, আনছার আলী, সুমন ইকবাল, বনলতা, মিম্মা সুলতানা, হোসেন মোহাম্মদ ফারুক, দ্বীপঙ্কর চক্রবর্তী দ্বীপ, জামাল উদ্দীন বেঙ্গলী, কবি নজমুল হেলাল প্রমুখ।

স্বরচিত লেখার উপর বিশদভাবে আলোচনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক নজির আহমেদ, হুমায়ুন কবীর এবং আবু নাসিফ খলিল। চিরায়ত সাহিত্য থেকে কবিতা পাঠ করেন নজির আহমেদ এবং সুমন ইকবাল।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সহ সাধারণ সম্পাদক সুমন ইকবাল। অনুভূতি ব্যক্ত করেন ডা. হেদায়েত উল্লাহ, শেখ পিন্টু এবং এম এ মামুন প্রমুখ । অনুষ্ঠান শেষে উপস্থিত সকলকে অভিনন্দন জানিয়ে সভাপতি অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন|

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের ১৫২৩ তম সাহিত্য আসর পদধ্বনি অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাপ্তাহিক সাহিত্য আসর পদধ্বনির - ১৫২৩তম পর্ব অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বিকাল সাড়ে পাঁচটার সময় শহীদ আলাউল হলে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাপ্তাহিক পদধ্বনি অনুষ্ঠিত হয়।

১৫২৩তম এই আসরে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলাল।

স্বরচিত লেখা পাঠ করেন শহিদুল ইসলাম,হুমায়ুন কবীর,সুমন মালিক,কাজল গুনু,,আবু নাসিফ খলিল, আনছার আলী, সুমন ইকবাল,ডা. তোফাজ্জল হোসেন প্রমুখ। স্বরচিত লেখার উপর বিশদভাবে আলোচনা করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহয়োগী অধ্যাপক ড. মুন্সি আবু সাইফ। বাংলা সাহিত্যের অন্যতম পুরোধা মহাকবি মাইকেল মধুসূদন দত্তের উপর আলোচনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক নজির আহমেদ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সহ সাধারণ সম্পাদক সুমন ইকবাল। অনুভূতি ব্যক্ত করেন ডা. হেদায়েত উল্লাহ,শেখ পিন্টু,মিনারুল ইসলাম এবং আশরাফুল ইসলাম ।

অনুষ্ঠান শেষে উপস্থিত সকলকে অভিনন্দন জানিয়ে সভাপতি অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

আলমডাঙ্গায় সাহিত্য পরিষদের প্রতিষ্ঠাতা সম্পাদকের প্রথম মৃত্যুবার্ষিকী পালন

আলমডাঙ্গা সাহিত্য পরিষদের প্রতিষ্ঠাতা সম্পাদক আ ফ ম সিরাজ সামজির প্রথম মৃত্যু বার্ষিকী পালন করা হয়েছে।

আজ সোমবার আলমডাঙ্গা ফরিদপুর গ্রামে তার নিজস্ব প্রতিষ্টান দারুল কুরান নুরানী হাফেজিয়া কওমী মাদ্রাসা কক্ষে আলোচনা ও মিলাদ মাহফিল অনুষ্টিত হয় ।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন আলমডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি

ওমর আলী মাষ্টার। বক্তব্য রাখেন সাহিত্য পরিষদের সহ-সভাপতি সহকারি অধ্যাপক আসিফ জাহান, সাহিত্য পরিষদের ভারপ্রপ্ত সাধারণ সম্পাদক সাংবাদিক খ.হামিদুল ইসলাম আজম, গাঙচিল সাহিত্য সাংস্কৃতিক পরিষদের সভাপতি জামিরুল ইসলাম, সম্পাদক কবি হাবিবুর রহমান মজুমদার।

সাহিত্য পরিষদের সাংগাঠনিক সম্পাদক কবি গোলাম রহমান চৌধুরির উপস্থাপনায় বক্তব্য রাখেন মওঃ আতিকুর রহমান, মওঃ মনিরুজ্জামান, মওঃ শাহাবুদ্দিন সাবু, সহকারি অধ্যাপক আব্দুর রহিম, সিদ্দিকুর রহমান, কবি অহর আলী, নাহিদ হাসান, টিমুনি রহমান, অন্তর হাসানসহ মুসুল্লিগন।

বক্তাগন বলেন, কবি আ ফ ম সিরাজ সামজি একজন অভিজ্ঞ আপাদ মস্তক কবি ছিলেন, যিনি সব সময় দেশপ্রেমের কথা বলেছেন, মানুষের অধিকার পূরণ ও ন্যায্যতা নিশ্চিতের কথা বলেছেন, নিজ সম্প্রদায়ের মানুষের উন্নয়ন ও অগ্রগমনের কথা বলেছেন, কিন্তু সাম্প্রদায়িকতার চর্চা করেননি কখনো। আ ফ ম সিরাজ সামজি ছিলেন একজন বহুমাত্রিক মানুষ।